

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

প্রজ্ঞাপন

তারিখ: ১১ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৬ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ৩১১-আইন/আয়কর/২০১৭।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিদ্যুৎ ও জ্বালানির দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর আওতায় Build, Own, Operate and Transfer (BOOT) পদ্ধতিতে কক্সবাজারের মহেশখালি দ্বীপে দৈনিক ৫০০ এমএমসিএফডি ক্ষমতাসম্পন্ন 'Floating LNG Storage and Regasification Facility স্থাপন, শীর্ষক প্রকল্পে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান Excelerate Energy Bangladesh Limited (EEBL), অতঃপর টার্মিনাল কোম্পানি বলিয়া উল্লিখিত, এর Floating LNG Storage and Regasification Unit (FSRU) এর Legal Owner, Disponent owner এবং Terminal Co Group এর কোনো সদস্যকে কেবল উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পরিশোধযোগ্য অর্থের উপর উক্ত Ordinance এর অধীন প্রদেয় উৎসে আয়কর প্রদান হইতে দফা ২ এ উল্লিখিত শর্তে এতদ্বারা অব্যাহতি (Exemption) প্রদান করিল।

২। টার্মিনাল কোম্পানিকে যথাযথভাবে উহার হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এর অধীন নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নজিবুর রহমান

সিনিয়র সচিব।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd